মনিটারী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

০১ ডিসেম্বর ২০১০ ইং
এমপিডি সার্কুলার নং-০৫ তারিখ -------------------
১৭ অগ্রহায়ণ ১৪১৭ বাং

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

**১৯৯১ সনের ব্যাংক কোম্পানী আইন এর ৩৩নং ধারা মোতাবেক সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণ প্রসংগে**

উপরোক্ত বিষয়ে ৪ মে ২০১০ তারিখের এমপিডি সার্কুলার নং ০২ এবং ১২ মে ২০১০ তারিখের সার্কুলার নোট নং এমপিডি ১১৬/২০১০-৬২৮ দ্রষ্টব্য ।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০১০ সনের ১৫ ডিসেম্বর হতে ব্যাংক কোম্পানীসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ জমাসহ বাংলাদেশে সহজে বিনিময়যোগ্য সম্পদ (SLR) সংরক্ষণের পরিমাণ তাদের মোট তলবী ও মেয়াদী দায় এর ১৯.০ (উনিশ) শতাংশের কম হবে না এবং ইসলামী শরীয়াহ ভিত্তিক ব্যাংক ও প্রচলিত ধারার ব্যাংকগুলোর ইসলামী ব্যাংকিং শাখা/উইন্ডোসমূহের জন্য সহজে বিনিময়যোগ্য সম্পদ (SLR) সংরক্ষণের পরিমাণ তাদের মোট তলবী ও মেয়াদী দায় এর ১১.৫ (সাড়ে এগার) শতাংশের কম হবে না।

এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ১ ডিসেম্বর ২০১০ তারিখের এমপিডি-১১৬/২০১০-১৭১৩ নম্বর বিজ্ঞপ্তি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদ্সংগে সংযোজিত হল।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

সংযোজনীঃ বর্ণনানুযায়ী ।

(বেগম সুলতানা রাজিয়া)
মহাব্যবস্থাপক
ফোন - ৯৫৬৪১১৯

মনিটারী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

নং এমপিডি-১১৬/২০১০-১৭১৩

০১ ডিসেম্বর ২০১০ইং
তারিখঃ ----------------------
১৭ অগ্রহায়ণ ১৪১৭ বাং

**বিজ্ঞপ্তি**

১৯৯১ সনের ব্যাংক কোম্পানী আইন (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ৩৩ ধারার ১ উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক এতদ্বারা নির্দেশ প্রদান করছে যে, ব্যাংক কোম্পানীসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ জমাসহ বাংলাদেশে সহজে বিনিময়যোগ্য সম্পদ (SLR) সংরক্ষণের পরিমাণ বাংলাদেশে তাদের মোট তলবী ও মেয়াদী দায় এর ১৯.০ (উনিশ) শতাংশের কম হবে না এবং ইসলামী শরীয়াহ ভিত্তিক ব্যাংক ও প্রচলিত ধারার ব্যাংকগুলোর ইসলামী ব্যাংকিং শাখা/উইন্ডোসমূহের জন্য সহজে বিনিময়যোগ্য সম্পদ (SLR) সংরক্ষণের পরিমাণ তাদের মোট তলবী ও মেয়াদী দায় এর ১১.৫ (সাড়ে এগার) শতাংশের কম হবে না।

০২। এই আদেশ ১৫ ডিসেম্বর ২০১০ তারিখ হতে কার্যকর হবে।

স্বাঃ/-

(জিয়াউল হাসান সিদ্দিকী)
ডেপুটি গভর্নর